নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সালাতের বেজোড় রাক‘আতে (সাজ্দাহ হতে) উঠে স্থীর না বসে দাঁড়াতেন না।

মালিক ইব্নু হুয়াইরিস লাইসী রাদয়িাল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত আদায় করতে দেখেছেন। তিনি তাঁর সালাতের বেজোড় রাক‘আতে (সাজ্দাহ হতে) উঠে স্থীর না বসে দাঁড়াতেন না। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাত হলো সালাতে তিনি যখন প্রথম রাকা‘আত থেকে দ্বিতীয় রাকা‘আতে এবং তৃতীয় রাকা‘আত থেকে চতুর্থ রাকা‘আতে দাঁড়াতেন তখন তিনি সংক্ষিপ্ত বসা না বসে দাঁড়াতেন না। সোজা হয়ে সংক্ষিপ্ত সময় বসতেন তারপর দাঁড়াতেন। এ বৈঠককে বিশ্রামের বৈঠক বলে না রাখা হতো। এটি রাসূলুল্লাহ থেকে উল্লেখযোগ্য এক জামা‘আত সাহাবী বর্ণনা করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10931